



নতুন ধরনের উন্নয়ন

আমাদের সম্মুখ

১৫-১১-২০২৫, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'জব ফেয়ার'

সং মানুষদের রাজনীতিতে ক্যারিয়ার গড়ার আহ্বান জ্বালানি উপদেষ্টার



বাংলাদেশের রাজনীতিতে সং মানুষের প্রয়োজন, তাই সং মানুষদের রাজনীতিতে ক্যারিয়ার গড়ার আহ্বান জানানেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টামুহাম্মদ ফাওজুল কবির খান। শনিবার (১৫ নভেম্বর) রাজধানীর আফতাবনগারে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'জব ফেয়ার'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

জ্বালানি উপদেষ্টা বলেন, 'শিক্ষার্থীদের শুধু চাকুরির পেছনে না ঘুরে নিজে কিছু করার জন্য উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। বর্তমান বিশ্বে ডিগ্রির চাহিদা কমেছে, দক্ষতার চাহিদা বেড়েছে। কী ডিগ্রি আছে তারচেয়ে কী পারি সেটা গুরুত্বপূর্ণ।'

তিনি লবিং করে কিংবা সুবিধা নিয়ে সম্পদশালী হওয়ার বদলে উৎপাদন এবং উদ্ভাবনের মাধ্যমে সম্পদশালী হতে তরুণদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের বিশেষ অতিথি মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, ঢাকার সাবেক সভাপতি, ব্যারিস্টার নিহাদ কবির বলেন, "'জব ফেয়ার" শিক্ষার্থীদের পছন্দ মতো ক্যারিয়ার গড়ার এক দারুণ সুযোগ। এখানে নিজের পছন্দসই প্রতিষ্ঠান সম্পর্কে বিস্তারিত জানার সুযোগ থাকে।'

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, 'দেশে দারিদ্রতার হার এবং বৈষম্য কমাতে হলে ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোক্তা তৈরিতে সরকারের মনোযোগ দিতে হবে। ৩০ লাখ ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি করে তাঁদের প্রশিক্ষণ এবং স্বল্প সুদে কিংবা ইসলামি মুদারাবা পদ্ধতিতে ঋণ দিয়ে দেশে উৎপাদন ও কর্মসংস্থান সৃষ্টি করতে হবে।'

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ডক্টর শামস রহমান বলেন, তারা ইন্ডাস্ট্রি ও একাডেমিয়া একটা যোগসূত্র স্থাপন করতে এই 'জব ফেয়ার'-এর আয়োজন করেছেন। এখানে শুধু শিক্ষার্থীরা তাদের পছন্দ মতো প্রতিষ্ঠানে আবেদন করছে না, বরং প্রতিষ্ঠানও তাদের পছন্দ মতো গ্রাজুয়েটকে খুঁজে নিতে পারছে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি প্রাপ্ত হওয়া 'জব ফেয়ার'-এ ব্যাংক, এনজিও, টেলিকম, আরএমজি, পানীয়, ইলেকট্রনিক্স, সফটওয়্যার কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান, অদ্যতজনক সংস্থা, ফার্মাসিউটিক্যালস, এইচআর পেশাদার প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ মোট ৭০টি জাতীয় ও বহুজাতিক কোম্পানি অংশগ্রহণ করে।